



সংবাদ প্রকাশের পর হাবিপ্রিবি'র নিয়োগ অনিয়ম তদন্তের নির্দেশ

প্রকাশিত: ১৫ - সেপ্টেম্বর, ২০১৯ ১২:০০ এ. এম.

স্টাফ রিপোর্টার, দিনাজপুর ॥ দৈনিক জনকষ্ঠসহ বিভিন্ন পত্রিকায় সংবাদ প্রকাশ হওয়ায়, দিনাজপুর হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে নিয়োগ প্রক্রিয়ায় নানান অনিয়ম ও যৌন হয়রানির দায়ে অভিযুক্ত শিক্ষকের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণে টালবাহানা নিয়ে তদন্ত করে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্চুরি কমিশন (ইউজিসি)কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে বলেছেন শিক্ষামন্ত্রী দিপু মনি। এরই প্রেক্ষিতে গৃহীত পদক্ষেপ ও তথ্যাদি জরুরী ভিত্তিতে পাঠানোর জন্য হাবিপ্রিবি কর্তৃপক্ষকে চিঠি দিয়েছে ইউজিসি। হাবিপ্রিবি'র বিষয়ে সংবাদপত্রে সংবাদ প্রকাশের সূত্র ধরে শিক্ষামন্ত্রীর নির্দেশক্রমে এমন চিঠি দিয়েছে বিশ্ববিদ্যালয় মঞ্চুরি কমিশন।

গত ২ সেপ্টেম্বর বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার বরাবর পাঠানো ইউজিসি'র পাবলিক বিশ্ববিদ্যালয় ম্যানেজমেন্ট বিভাগের পরিচালক কামাল হোসেন স্বাক্ষরিত এই চিঠির অনুলিপি দেয়া হয়েছে ইউজিসি'র চেয়ারম্যানের একান্ত সচিব, সহকারী সচিব ও ইউজিসি'র সদস্য, বিশ্ববিদ্যালয়ের একান্ত সচিব ও ইউজিসি'র সচিবের ব্যক্তিগত কর্মকর্তাকে। চিঠিতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ প্রক্রিয়ায় নানা অনিয়মের বিষয়ে তথ্যাদি জরুরী ভিত্তিতে পাঠানোর জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে নির্দেশ দেয়া হয়েছে। একইসঙ্গে হাইকোর্টের নির্দেশনা অনুযায়ী গঠিত কমিটি সুপারিশ বাস্তবায়নে বিশ্ববিদ্যালয়ের বায়োকেমেন্ট্রি ও কলিকুলার বায়োলজি বিভাগের সহকারী অধ্যাপক রমজান আলীর বিরুদ্ধে উপাচার্য কি পদক্ষেপ গ্রহণ করেছেন, সেটিও জানতে চাওয়া হয়েছে ওই চিঠিতে।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কত্তক গ্লোব জনকষ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিস্টার্স লি: ও জনকষ্ঠ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকষ্ঠ ভবন, ২৪/ এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইক্সটন, জিপিও বাস্তু: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহাস্টিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: www.dailyjanakantha.com এবং www.edailyjanakantha.com || Copyright ® All rights reserved by dailyjanakantha.com